

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ২০, ২০২০

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৬ মাঘ, ১৪২৬ মোতাবেক ২০ জানুয়ারি, ২০২০

নিম্নলিখিত বিলটি ০৬ মাঘ, ১৪২৬ মোতাবেক ২০ জানুয়ারি, ২০২০ তারিখে জাতীয় সংসদে  
উত্থাপিত হইয়াছে :—

বা. জা. স. বিল নং-০৫/২০২০

ভোটার তালিকা আইন, ২০০৯ এর অধিকতর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু নিম্ববর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে ভোটার তালিকা আইন, ২০০৯ (২০০৯ সনের ৬নং  
আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন ভোটার তালিকা (সংশোধন) আইন,  
২০২০ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ২০০৯ সনের ৬নং আইনের ধারা ১১ এর সংশোধন।—ভোটার তালিকা আইন, ২০০৯  
(২০০৯ সনের ৬ নং আইন) এর ধারা ১১ এর উপ-ধারা (১) এর “২ জানুয়ারী হইতে ৩১ জানুয়ারী”  
সংখ্যা ও শব্দগুলির পরিবর্তে “২ জানুয়ারি হইতে ২ মার্চ” সংখ্যা ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

( ১৪৮৩ )  
মূল্য : টাকা ৪.০০

### উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ১১ এর উপ-ধারা (১) এ কম্পিউটার ডাটাবেজে সংরক্ষিত বিদ্যমান সকল ভোটার তালিকা প্রতি বৎসর ২ জানুয়ারী হতে ৩১ জানুয়ারী তারিখের মধ্যে হালনাগাদ করার বিধান রয়েছে। উক্ত ঘন্টা সময়ের মধ্যে খসড়া হালনাগাদ ভোটার তালিকা প্রকাশপূর্বক চূড়ান্তক্রমে ডাটাবেজে অন্তর্ভুক্ত করে সারাদেশের সিডি আকারে প্রস্তুত করা অনেক কষ্টসাধ্য।

২। উপরি-বর্ণিত কারণে, কম্পিউটার ডাটাবেজে সংরক্ষিত বিদ্যমান ভোটার তালিকা হালনাগাদ করার উক্তরূপ সময়সীমা বৃক্ষি করা প্রয়োজন। উল্লেখ্য, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রতি বৎসর ২ মার্চ তারিখকে 'জাতীয় ভোটার দিবস' হিসেবে ঘোষণা করা হয়েছে।

৩। প্রস্তাবিত বিলে 'জাতীয় ভোটার দিবস' এর সাথে মিল রেখে কম্পিউটার ডাটাবেজে সংরক্ষিত বিদ্যমান ভোটার তালিকা হালনাগাদ করার সময়সীমা প্রতি বৎসর '২ জানুয়ারী হতে ৩১ জানুয়ারী' এর পরিবর্তে '২ জানুয়ারি হতে ২ মার্চ' প্রতিষ্ঠাপন করার প্রস্তাব করা হয়েছে।

৪। প্রস্তাবিত বিলটি আইনে পরিণত হলে কম্পিউটার ডাটাবেজে সংরক্ষিত ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমের সময়সীমা ৩০ (ত্রিশ) দিন থেকে বৃক্ষি পেয়ে মোট ৬০ (ষাট) দিন হবে। ফলশ্রুতিতে, ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম সুচালুরূপে করা সম্ভব হবে মর্মে আশা করা যায়।

জনাব আনিসুল হক  
ভারপ্রাপ্ত মন্ত্রী।

ড. জাফর আহমেদ খান  
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)